

# Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and Prime Minister of Italy H.E. Mr. Mario Draghi

August 27, 2021

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ইতালীর প্রধানমন্ত্রী মিঃ মারিও দ্রাঘি-র সঙ্গে টেলিফোনে বার্তালাপ

অগস্ট 27,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী টেলিফোনে ইতালির প্রধানমন্ত্রী মিঃ মারিও দ্রাঘি-র সঙ্গে কথা বলেছেন।

উভয় নেতাই আফগানিস্তানের সাম্প্রতিক পরিস্থিতি এবং সংশ্লিষ্ট অঞ্চল ও বিশ্বে তার প্রভাব সম্পর্কে পর্যালোচনা করেছেন।

বৃহস্পতিবার কাবুল আন্তর্জাতিক বিমানবন্দরে ভয়াবহ সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা জানিয়েছেন তারা এবং আটকে পড়া মানুষের নিরাপদ প্রত্যাবর্তন সুনিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর জোর দিয়েছেন।

আফগানিস্তানের বর্তমান পরিস্থিতির জেরে উদ্ভূত মানবিক সঙ্কট এবং দীর্ঘমেয়াদী নিরাপত্তা বিষয়ে উদ্বেগ মোকাবিলায় জি-২০ স্তর সহ আন্তর্জাতিক সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন তারা।

উভয় নেতাই জলবায়ু পরিবর্তন সহ জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলির অন্যান্য গুরুত্বপূর্ণ অ্যাড্বেন্ডা গুলি নিয়েও আলোচনা করেছেন। এই প্রেক্ষাপটে সিওপি-২৬ সহ অন্যান্য আসন্ন বহুপাক্ষিক কর্মকাণ্ডের ওপরও মত বিনিময় করেছেন তারা।

প্রধানমন্ত্রী জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলির মধ্যে ফলপ্রসূ আলোচনায় ইতালীর প্রগতিশীল নেতৃত্বের উচ্ছ্বসিত প্রশংসা জানান।

উভয় দেশের প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক এবং বিশ্বের বিভিন্ন বিষয়, বিশেষ করে আফগানিস্তানের পরিস্থিতি সম্পর্কে পারস্পরিক যোগাযোগ বজায় রাখতে সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

অগস্ট 27,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.